# Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 04 April, 2025

ভারতে ওয়াকফ সংশোধনী বিল ঘিরে বিক্ষোভে উত্তাল রাজপথ। প্রতিবাদে রাস্তায় নেমেছেন মুসলিম সম্প্রদায়ের হাজারো মানুষ। ধর্মীয় সম্পত্তির ওপর হস্তক্ষেপের অভিযোগ তুলে পুড়িয়েছেন কুশপুত্তলিকা।

শুক্রবার (৪ এপ্রিল) দুপুরে বিক্ষোভে উত্তাল হয়ে ওঠে কলকাতা, চেন্নাই ও আহমেদাবাদসহ ভারতের বিভিন্ন শহরের সড়কগুলো।

অসংখ্য মানুষ হাতে ভারতের জাতীয় পতাকা নিয়ে এই প্রতিবাদ কর্মসূচিতে অংশ নেন। তাদের হাতে নানা ধরনের প্ল্যাকার্ডও দেখা গেছে। তাতে লেখা ছিল, 'আমরা ওয়াকফ সংশোধনী মানছি না', 'ওয়াকফ বিল প্রত্যাহার করুন'।

হিন্দুস্থান টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, শুক্রবার জুম্মার নামাজের পরপরই ইসলাম ধর্মাবলম্বীরা এই বিক্ষোভে অংশ নেন।

এদিন কলকাতায় প্রতিবাদের বহর ছিল অনেক বড়।গুজরাটের আহমেদাবাদেও এদিন ওয়াকফ সংশোধনীর বিরোধিতায় পথে নামেন ইসলাম ধর্মাবলম্বীরা।

সেখানে আন্দোলনকারীদের ওপর পুলিশকে চড়াও হতে দেখা গেছে। ওয়াকফ সংশোধনীর প্রতিবাদ জানিয়ে প্রবীণরা রাস্তায় বসলে তাদের জোর করে তুলে দেওয়ার চেষ্টা করে গুজরাট পুলিশ।

চেন্নাইয়ে কেন্দ্রীয় সরকারের ওয়াকফ বিলের প্রতিবাদে রাজ্যব্যাপী প্রতিবাদের ডাক দেয় অভিনেতা বিজয়ের নেতৃত্বাধীন রাজনৈতিক দল তামিলাঙ্গ ভেত্তরি কাঝাগাম (টিভিকে)।

টিভিকে কর্মীরা শুধু চেন্নাই নয়, সেই সঙ্গে তামিলনাড়ুর অন্যান্য বড় শহরেও বিপুল জমায়েত করেন।

আন্দোলনের ঝাঁঝ ছড়িয়ে পড়ে কোয়েম্বাটোর এবং তিরুচিরাপল্লির মতো শহরেও।বিক্ষোভকারীরা সমবেতভাবে স্লোগান তোলেন, 'ওয়াকফ বিল প্রত্যাহার করুন', 'মুসলমানদের অধিকার কেড়ে নেবেন না'।

ওয়াক্ফ বিল নিয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তৃণমূল কংগ্রেসের মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছেন, বাংলার মুসলমানদের অধিকার ক্ষুন্ন হতে দেবেন না।

জাতীয়ভাবে বিজেপির প্রধান বিরোধী কংগ্রেসও ওয়াকফ বিলের তুমুল বিরোধিতা করেছে।তারা বিজেপির বিরুদ্ধে বিভাজনের রাজনীতি করার অভিযোগ তুলেছে।

ভারতের পার্লামেন্টের নিম্নকক্ষ লোকসভায় পাস হওয়ার পর উচ্চকক্ষ রাজ্যসভায়ও সংখ্যাগরিষ্ঠ সদস্যদের ভোটে ওয়াক্ফ সংশোধনী বিল

পাস হয়েছে।দীর্ঘ বিতর্কের পর বৃহস্পতিবার রাতে ১২৮-৯৫ ভোটে বিলটি পার্লামেন্টের শেষ বৈতরণি পার করে।

ভারতীয় সংবাদমাধ্যমগুলো বলেছে, দেশটির লোকসভার পর রাজ্যসভাতেও বিতর্কিত ওয়াকফ বিল পাস হয়। আইন অনুযায়ী, মুসলিম সম্প্রদায়ের দানকরা ধর্মীয়, শিক্ষা ও সেবামূলক কাজে ব্যবহৃত সম্পত্তিকে ওয়াকফ বলা হয়।এগুলো বিক্রি বা হস্তান্তরযোগ্য নয়।নতুন বিলে ওয়াকফ বোর্ডে অ-মুসলিম সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে।সরকারের দাবি, এই সংশোধনী স্বচ্ছতা বাড়াবে।

ওয়াকফ ভারত ইসলাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:34

URL: https://www.timestodaybd.com/international/306468996